সিজিএ নিউজ
CGA NEWS

সংখ্যাঃ ০২ বর্ষঃ ১-২০১৫ জানুয়ারী-জুন, ২০১৫ খ্রিঃ।

## ভূমিকা

সরকারী আর্থিক ব্যবস্থাপনায় অত্যন্ত গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় পেশাদারিত্বের সাথে এবং প্রযুক্তির সর্বাধিক প্রয়োগের মাধ্যমে সেবা কার্যক্রমকে আরও উন্নত, বেগবান ও বিস্তৃত করার জন্য নিরন্তন কাজ করে যাচ্ছে। উন্নত সেবা প্রদানে দৃঢ় প্রতিজ্ঞ এ প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত কার্যক্রম ও পদক্ষেপসমূহ সবার নিকট পৌছে দেবার লক্ষ্যেই 'সিজিএ নিউজ'।

## এ সংখ্যায় যা থাকছে

- সাম্প্রতিক সময়ে গৃহীত পদক্ষেপ
- অফিস পরিদর্শন
- বিশেষ সভা
- সিনিয়র কর্মকর্তাগনের সিজিএ কার্যালয় পরিদর্শন
- প্রশিক্ষণ ও উপস্থাপনা
- কর্পোরেট সোস্যাল রেসপনসিবিলিটি (সিএসআর)

## সাম্প্রতিক সময়ে গৃহীত পদক্ষেপ


**ডিডিওদের সাথে মতবিনিময়ঃ** যে কোন বিল নিষ্পত্তির ক্ষেত্রে হিসাবরক্ষণ অফিসের যেমন ভূমিকা আছে, সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তারও (ডিডিও) তেমনি দায় দায়িত্ব রয়েছে। হিসাবরক্ষণ অফিসের পাশাপাশি ডিডিও গণের প্রি-অডিট সম্পর্কিত আইন কানুন ও বিধিবিধান সম্পর্কে সম্যক ধারণা থাকলে স্বল্পতম সময়ে গুণগত মানসম্পন্ন সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করা যায়। এর ধারাবাহিকতায় গত ১৭ থেকে ১৯ মে, ২০১৫ তারিখে সিজিএ রাঙ্গামাটি ও বান্দরবান জেলা হিসাবরক্ষণ অফিস পরিদর্শনকালে জেলার বিভিন্ন অফিসের আয়ন ব্যয়ন কর্মকর্তাদের সাথে তিনি একাধিক মত বিনিময় অনুষ্ঠানে যোগদান করেন।



বান্দরবানে ডিডিওদের সাথে মত বিনিময় অনুষ্ঠান

রাঙ্গামাটিতে উক্ত মত বিনিময়অনুষ্ঠানে হিসাব মহানিয়ন্ত্রক বলেছেন, ' অল্প সময়ের মধ্যে জেলা হিসাবরক্ষণ অফিস পর্যায়ে Electronic Fund Transfer (EFT) পদ্ধতিতে কর্মকর্তা কর্মচারীদের বেতন ভাতা প্রদান শুরু করা হবে এবং পর্যায়ক্রমে তা উপজেলা পর্যায়ে বিস্তৃত করা হবে।' অদূর ভবিষ্যতে সিজিএ কার্যালয়কে কাগজ বিহীন (Paperless) অফিস ঘোষনা করা হবে এবং সে লক্ষ্যে অনলাইনে বিল দাখিলের বিষয়টি পরীক্ষাধীন আছে বলে তিনি সবাইকে অবহিত করেন। একটি জেলায় একটি সরকারী অফিসের পেনশন অনুমোদনের পর হিসাবরক্ষণ অফিসে যেতে ২৮দিন সময় লাগার উদাহরণ টেনে তিনি দীর্ঘসূত্রীতার জন্য শুধু হিসাবরক্ষণ অফিস নয় অন্যান্য সরকারী অফিসও এক্ষেত্রে দায়িত্ব এড়াতে পারে না বলে মন্তব্য করেন। হিসাব মহানিয়ন্ত্রক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারী অফিসসমূহের ডিজিটালাইজেশন এর উপর গুরুত্ব আরোপ করেন এবং হয়রানি এড়াতে আগামীতে আনুতোষিকের অর্থ সরাসরি গ্রাহকের ব্যাংক একাউন্টে প্রেরণের বিষয়ে সবাইকে আশ্বস্ত করেন। রাঙ্গামাটিতে ও বান্দরবানে উক্ত মত বিনিময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যথাক্রমে জনাব মোঃ শামসুল আরেফিন, জেলা প্রশাসক, রাঙ্গামাটি ও জনাব মোঃ মিজানুল হক চৌধুরী, জেলা প্রশাসক, বান্দরবান।

**Online Bill Clearing Status:** যে সমাজের মধ্যে তথ্যের সমৃদ্ধি যত বেশি থাকবে, জাতীয় উন্নয়নও তত বেশী হতে থাকবে-এ বিষয়টিকে প্রাধান্য দিয়ে হিসাব মহানিয়ন্ত্রক কর্তৃক সাম্প্রতিক সময়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সেগুলির মধ্যে উল্লেখযোগ্য একটি পদক্ষেপ হলো Online Bill Clearing Status। ইন্টারনেট বেসড এ ডিসপ্লের মাধ্যমে বাংলাদেশ তথা পৃথিবীর যে কোন প্রান্ত থেকে হিসাবরক্ষণ অফিসের বিভিন্ন প্রকার বিল নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য জানা সম্ভব। উল্লিখিত সেবার মাধ্যমে সেবাগ্রহীতাদের নিকট সিজিএ কার্যালয়ের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ অনেকটাই সম্ভব হয়েছে। সিজিএ কার্যালয় কর্তৃক ঢাকাস্থ সকল সিএও অফিসের বিল পাশের তাৎক্ষণিক অবস্থা সামগ্রিকভাবে Digital Display আকারে এ কার্যালয়ের তিনটি প্রবেশমুখে ও সিজিএ মহোদয়ের কক্ষে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। এ কার্যক্রমের দ্বিতীয় ধাপ হিসেবে বর্তমানে ৭(সাত) টি বিভাগের সকল জেলা হিসাবরক্ষণ অফিসের বিল নিষ্পত্তির হালনাগাদ অবস্থাও জানা যাচ্ছে। পরবর্তীতে বাংলাদেশের সকল উপজেলা হিসাবরক্ষণ অফিসকে Online Bill Clearing Status পদ্ধতির এর আওতায় আনার প্রক্রিয়া অব্যাহত রয়েছে। সিজিএ ওয়েবসাইট (http://www.cga.gov.bd) এ Click করে যে কেউ Online Bill Clearing Status থেকে বিল নিষ্পত্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জেনে নিতে পারবেন।




**ইন্টারন্যাল কন্ট্রোল ইউনিট (আইসিইউ) শক্তিশালীকরণঃ** হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের আওতাধীন সকল হিসাব রক্ষণ অফিসের দৈনন্দিন কার্যাবলী মনিটর করার জন্য ICU শক্তিশালী করা হয়েছে। ঢাকাস্থ সকল প্রধান হিসাব রক্ষণ অফিস এবং বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক অফিস প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকায় তাদের অফিসের হাল নাগাদ বিল নিষ্পত্তির প্রতিবেদন সিজিএ'র নিকট প্রেরণ করেন। উহা প্রতিদিন ICU কর্তৃক পরীক্ষা ও পর্যালোচনা করে সংশ্লিষ্ট অফিসকে দ্রুত বিল নিষ্পত্তির তাগিদ দেয়া হয়। প্রতিদিন বিকেলে ICU কর্তৃক সর্বশেষ অগ্রগতি সিজিএ মহোদয়কে অবহিত করা হয়।

**Electronic Fund Transfer (EFT)ঃ** ডিজিটাল বাংলাদেশ গড়তে প্রতিশ্রুতিবদ্ধ বর্তমান সরকারের মূল শ্লোগান 'ভিশন ২০২১' কে ধারণ করে সিজিএ কার্যালয় কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহের মধ্যে Electronic Fund Transfer (EFT) হচ্ছে অন্যতম মাইলফলক সৃষ্টিকারী সংযোজন। সরকারী কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতার অর্থ চেকের পরিবর্তে ইলেক্ট্রনিক্যালী যার যার ব্যাংক একাউন্টে পৌছে দেয়াই হলো Electronic Fund Transfer বা EFT।২০১৪ সালের জুলাই মাসে যেখানে মোট EFT'র সংখ্যা ছিল প্রায় ১৪,০০০, সেখানে চলতি বছরের সেপ্টেম্বর মাসে এ সংখ্যা দাঁড়িয়েছে ৫০,৫০৯। বর্তমানে প্রধান হিসাবরক্ষণ কার্যালয়সমূহে কর্মকর্তাদের পাশাপাশি কর্মচারীদের বেতন ভাতাও EFT তে পরিশোধ করা হচ্ছে। স্বল্প সময়ের মধ্যে বিভাগীয় পর্যায়ে EFT কার্যক্রম শুরু করা হবে ।

## অফিস পরিদর্শন

**সিজিএ কর্তৃক ডিসিএ কার্যালয় বরিশাল, খুলনা ও রাজশাহী পরিদর্শনঃ** হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম গত ২১ থকে ২৫ এপ্রিল,২০১৫ ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয় বরিশাল, খুলনা ও রাজশাহী পরিদর্শন করেন। ডিসিএ বরিশালের পথে রওনা হয়ে তিনি যাত্রাপথে উপজেলা হিসাবরক্ষণ অফিস, লৌহজং এবং জেলা হিসাবরক্ষণ অফিস, মাদারীপুর পরিদর্শন করেন। সেখানে তিনি কর্মপরিবেশ উন্নয়ন এবং দ্রুত সার্ভিস ডেলিভারী নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন।



উপজেলা হিসাব রক্ষণ অফিস, লৌহজং পরিদর্শন করছেন সিজিএ

২২ এপ্রিল, ২০১৫ খ্রিঃ তারিখে হিসাব মহানিয়ন্ত্রক ডিসিএ, বরিশাল এর আওতাধীন জেলা ও উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাদের সঙ্গে বরিশালে মত বিনিময় করেন। তিনি বলেন, সরকার হিসাব ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কম্পিউটারাইজড ও অনলাইন কার্যক্রম হাতে নিয়েছে। সবার সঙ্গে সুসম্পর্ক বজায় রেখে ইনোভেটিভ ও কোয়ালিটেটিভ সার্ভিস ডেলিভারী নিশ্চিত করার জন্য তিনি সবাইকে আহবান জানান।

২৩ এপ্রিল তারিখে হিসাব মহানিয়ন্ত্রক খুলনা গমন করেন এবং সেখানে জেলা ও উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাদের এক সভায় মত বিনিময় করেন। সার্ভিস ডেলিভারীর ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনের জন্য তিনি কর্মকর্তাদের পারস্পারিক আলাপ আলোচনার উপর গুরুত্ব আরোপ করেন। মত বিনিময় সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণ তাদের বিভিন্ন দাবী-দাওয়াসহ অফিসে কর্মপরিবেশ উন্নয়ন ও আইটি সংশ্লিষ্ট পদ সৃষ্টি করার বিষয়ে সিজিএ মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক অফিসে এক বৃক্ষ রোপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন এবং ডিসিএ, খুলনা কার্যালয় প্রাঙ্গনে নবনির্মিত 'ডিসিএ ভবন', একটি মসজিদ, সিটিজেন চার্টার ও 'ডিসিএ নিউজ' নামের একটি প্রকাশনার উদ্বোধন করেন। সন্ধ্যায় ডিসিএ, খুলনা কার্যালয় কর্তৃক পিঠা উৎসব ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।



ডিসিএ, খুলনা কার্যালয়ের নবনির্মিত 'ডিসিএ ভবন' উদ্বোধনী অনুষ্ঠান



বৃক্ষ রোপন অনুষ্ঠানে সিজিএ গাছের চারা রোপন করছেন

নির্ধারিত ভ্রমনসূচী অনুযায়ী ২৫ এপ্রিল, ২০১৫ তারিখে হিসাব মহানিয়ন্ত্রক ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়, রাজশাহীতে আগমন করেন এবং সেখানে জেলা ও উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাদের নিয়ে আয়োজিত এক মত বিনিময় সভায় অংশগ্রহণ করেন। সরকারী কর্মকর্তা হিসেবে প্রযুক্তিকে যথাযথ ভাবে কাজে লাগিয়ে গুণগত সেবা প্রদানের বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন। এ প্রসঙ্গে তিনি সম্প্রতি চালুকৃত বিল কিয়ারিং ষ্ট্যাটাস ও সিজিএ ওয়েব সাইটের মাধ্যমে জমাকৃত চালান ভেরিফিকেশন এর বিষয়টি সবাইকে অবহিত করেন। ইতোপূর্বে তিনি ডিসিএ, রাজশাহী কার্যালয় প্রাঙ্গনে আয়োজিত পিঠা উৎসব ও বৃক্ষ রোপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন এবং ডিসিএ কার্যালয়ের রেস্ট হাউজ ও সম্মেলন কক্ষের উদ্বোধন করেন।



ডিসিএ, রাজশাহী কার্যালয়ে আয়োজিত পিঠা উৎসব অনুষ্ঠান

**মাস্টার্স অব প্রফেশনাল একাউন্টিং (এমপিএ) এর উদ্বোধনঃ** গত ২৭ এপ্রিল, ২০১৫খ্রিঃ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম বিভাগে মাস্টার্স অব প্রফেশনাল একাউন্টিং (এমপিএ) এর উদ্বোধনী অনুষ্ঠানে হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।




এমপিএ এর উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখছেন সিজিএ

## বিশেষ সভা

* হিসাব মহানিয়ন্ত্রক, জনাব মোঃ আবুল কাশেম এর সভাপতিত্বে বিগত ০৮ জানুয়ারী, ২০১৫ ইং তারিখে সিজিএ কার্যালয়ের সভাকক্ষে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাগণের সমন্বয়ে বিষয় ভিত্তিক এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- অফিসের উন্নত কর্মপরিবেশ সৃষ্টি;
- অধীনস্তদের Equitably কর্মবন্টন;
- সকল কর্মকর্তা কর্মচারীর যথাসময়ে অফিসে উপস্থিতি, দায়িত্ব পালন ও যথাসময়ে প্রস্থান;
- সিএওগণ কর্তৃক শাখাসমূহ নিয়মিত পরিদর্শন;
- অন্যান্য প্রশাসনিক কার্যক্রম;
- Service delivery উন্নত করার জন্য Innovative কার্যক্রম
- প্রত্যেক সিএও অফিসের বাৎসরিক কর্মকান্ডের বিবরণ সম্বলিত ৫-১০ পৃষ্ঠার CAO,s Annual Report শীর্ষক প্রকাশনা চালু;

* সিজিএ কার্যালয়ের নির্বাহী সভাকক্ষে সিজিএ মহোদয়ের সভাপতিত্বে বিগত ২৬ ফেব্রুয়ারী, ২০১৫ ইং তারিখে ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টসগণের সমন্বয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অফিসের উন্নত কর্ম পরিবেশ, অধীনস্তদের equitably কর্মবন্টন, ১ম শ্রেণীর কর্মকর্তাগণের অফিসে উপস্থিতি মনিটরিং, ডিসিএ কর্তৃক iBAS মনিটরিং, ডিসিএ এর পরিদর্শন কার্যক্রম এবং Service Delivery উন্নত করার জন্য Innovative কার্যক্রম গ্রহণ বিষয়ক বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

**Online Government Transaction বিষয়ক সভা ঃ** বিগত ৯ ফেব্রুয়ারী, ২০১৫ ইং তারিখে সিজিএ মহোদয়ের সভাপতিত্বে Online Government Transaction বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়। সভায় অর্থ বিভাগ, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় সরকারী আর্থিক লেনদেনসমূহ বিদ্যমান পদ্ধতির পরিবর্তে Online এ সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন বিষয় নিয়ে খুঁটিনাটি পর্যালোচনা করা হয়।



অর্থ বিভাগ, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধিগণের সাথে সিজিএ এর সভা

**কর্মচারী সমিতির সাথে মত বিনিময় ঃ** ১৫ জানুয়ারী, ২০১৫ খ্রিঃ তারিখে সিজিএ জনাব মোঃ আবুল কাশেম সিজিএ কর্মচারী সমিতির সঙ্গে মত বিনিময় করেন। সিজিএ তৃতীয় শ্রেণীর কর্মচারী সমিতির নেতৃবৃন্দের পক্ষ থেকে উথাপিত বিভিন্ন দাবী দাওয়ার বিষয়ে সিজিএ মহোদয় অবহিত হন এবং যৌক্তিক দাবীসমূহ পূরণের বিষয়ে সমিতিকে আশ্বস্ত করেন। সিজিএ কার্যালয় কর্তৃক প্রদত্ত সেবাসমূহ যেন দ্রুত ও যথাযথভাবে সম্পন্ন করা যায় সে বিষয়ে সচেষ্ট থাকার জন্য সিজিএ মহোদয় সকলকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া অফিস চত্ত্বর পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে তিনি সবার সহযোগিতা চান।




হিসাব মহানিয়ন্ত্রক এর সাথে সিজিএ কর্মচারী সমিতির নেতৃবৃন্দ

**চতুর্থ শ্রেণীর কর্মচারী সমিতির সাথে মত বিনিময়ঃ** বিগত ১২ ফেব্রুয়ারী ২০১৫ খ্রিঃ তারিখে সিজিএ মহোদয় সিজিএ চতুর্থ শ্রেণীর কর্মচারী সমিতির প্রতিনিধিদের সাথে মত বিনিময় করেন। প্রতিনিধিদের পক্ষ থেকে উথাপিত যৌক্তিক দাবীসমূহের বিষয়ে সিজিএ মহোদয় সকলকে আশ্বস্ত করেন। চতুর্থ শ্রেণীর কর্মচারী সমিতির অফিস কক্ষে কম্পিউটার সরবরাহের কথা স্মরণ করিয়ে দিয়ে সিজিএ মহোদয় সবাইকে যার যার অবস্থান থেকে জনস্বার্থে কাজ করে যাওয়ার আহবান জানান।

## সিনিয়র কর্মকর্তাগণের সিজিএ কার্যালয় পরিদর্শন

সরকারের অনেক গুরুত্বপূর্ণ কর্মকর্তা বিভিন্ন সময়ে সিজিএ অফিসে সৌজন্য সাক্ষাতে আসেন। জানুয়ারী -- জুন, ২০১৫ সময়ে নিম্নে বর্ণিত কর্মকর্তাগণ সিজিএ মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করেন ঃ

| নাম | পদবী | সময় |
|---|---|---|
| জনাব শেখ আলতাফ আলী | সিনিয়র সচিব, মহামান্য রাষ্ট্রপতির কার্যালয় | ২৯জানু, ২০১৫ |
| ডঃ মোঃ ফরাসউদ্দিন | চেয়ারম্যান, ৮ম পে এন্ড সার্ভিসেস কমিশন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্ণর | ৫ মে, ২০১৫ |
| মেজর জেনারেল আবুল হোসাইন (এনডিসি, পিএসসি) | মহামান্য রাষ্ট্রপতির সামরিক সচিব | ২৪ মে, ২০১৫ |
| জনাব মাসুদ আহমেদ | বাংলাদেশের কম্পট্রোলার এন্ড আডিটর জেনারেল | ১ জুন, ২০১৫ |



সিজিএ এর সাথে মহামান্য রাষ্ট্রপতির সামরিক সচিব ও অন্যান্য কর্মকর্তাগণ



সিএন্ডএজি ও সিজিএ'র সাথে উপস্থিত অন্যান্য কর্মকর্তা

## প্রশিক্ষণ ও উপস্থাপনা

হিসাব রক্ষণ কার্যক্রম গতিশীল ও ইফেক্টিভ করার জন্য সিজিএ অফিসে নিয়মিত উপস্থাপনার আয়োজন করা হয়। এতে প্রফেশনালিজম বৃদ্ধির সাথে সাথে কর্মকর্তাদের কাজে দক্ষতা বাড়ানোর বিষয় আলোচিত হয়। ফলে দ্রুত সেবা দান কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি পায়। নিম্নে এর সার সংক্ষেপ দেয়া হলো ঃ

| উপস্থাপনার বিষয় | উপস্থাপনা প্রদানকারী | সময় |
|---|---|---|
| বৈদেশিক ভ্রমণভাতা বিল পূর্ব নিরীক্ষা | সংশিষ্ট অডিট এন্ড একাউন্টস অফিসারগণ | ১৪ জানু, ২০১৫ |
| Audit of Local TA Bill | অডিট এন্ড একাউন্টস অফিসার্স এসোসিয়েশন, সিজিএ কার্যালয় | ২১ জানু,২০১৫ |
| Pre-audit on Public Procurement | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাগণ ও সংশিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ | ১৫ ফেব্রু,২০১৫ |
| PRLবিষয়ক প্রস্তুতিমূলক কর্মশালা | ডিসিএ, চট্টগ্রাম কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ | ২৩ফেব্রু, ২০১৫ |
| Office Attendance and Eithics | হিসাব মহানিয়ন্ত্রক ও সিএও, টিএন্ডটি | ১২মে, ২০১৫ |
| Electronic Fund Transfer (EFT) Monitoring | PEMS কর্মসূচীর কর্মকর্তাবৃন্দ | ২৭ মে, ২০১৫ |



চট্টগ্রামের PRL বিষয়ক একটি প্রস্তুতিমূলক কর্মশালায় কর্মকর্তা কর্মচারীগণ

**বিপিএটিসি, সাভারে বিভিন্ন কোর্সে অংশগ্রহণকারী, সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণের সিজিএ কার্যালয়ে প্রশিক্ষণ ঃ** বিপিএটিসি, সাভারের চলমান ৭০তম Senior Staff Course (SSC) এবং ৯৯তম Advanced Course on Adminstration And Development (ACAD)- এ অংশগ্রহণকারী কর্মকর্তাগণ বিগত ২৩ ফেব্রুয়ারী, ২০১৫ খ্রিঃ তারিখে সিজিএ কার্যালয়ে এক দিনের সংযুক্তিমূলক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণে সিজিএ মহোদয় সরকারী আর্থিক ব্যবস্থাপনায় সিজিএ কার্যালয়ের ভূমিকা সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। পরবর্তীতে Online Bill Clearing Status, iBAS monitoring system এবং সরকারী হিসাব ব্যবস্থাপনার উপর সংক্ষিপ্ত উপস্থাপনার আয়োজন করা হয়।



বিপিএটিসি'র সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন সিজিএ

**অতিরিক্ত সিজিএ (প্রশাসন) পদে যোগদানঃ** জনাব খান মোঃ ফেরদাউসুর রহমান বিগত ১৫ এপ্রিল, ২০১৫ তারিখে অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন) পদে সিজিএ কার্যালয়ে যোগদান করেন। তিনি বিসিএস অডিট এন্ড একাউন্টস ক্যাডারের ১০ম ব্যাচের একজন কর্মকর্তা। তিনি সম্প্রতি সরকারের PPRP প্রকল্পের অর্থায়নে ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও UK থেকে Chartered Institute of Procurement & Supply (CIPS) এর সদস্য পদ লাভ করেন। ইতোপূর্বে তিনি বিশ্বব্যাংকের অর্থায়নে পরিচালিত National Agricultural Technology Project (NATP) এ Financial Management Expert হিসেবে কর্মরত ছিলেন।

## কর্পোরেট সোস্যাল রেসপনসিবিলিটি (সিএসআর)

**অফিস সহায়ক মোঃ আব্দুল গফুরের পাশে সিজিএ পরিবারঃ** হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের আওতাধীন জেলা হিসাবরক্ষণ অফিস, ফেনীতে কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ আবদুল গফুর এর বাড়ীতে বিগত ২১ অক্টোবর, ২০১৪ তারিখে এক ভয়াবহ অগ্নিকান্ড ঘটে। মুহূর্তেই তার বসতঘরটি সম্পূর্ণরূপে ভস্মীভূত হয়ে যায়। পুড়ে ছাই হয়ে যায় টাকা পয়সা, জমির দলিলপত্রসহ সব কিছুই। সহায় সম্বলহীন মোঃ আব্দুল গফুর পরিবার পরিজন নিয়ে বিপাকে পড়ে যান। আর্থিক সহায্যের আবেদন জানান হিসাব মহানিয়ন্ত্রকের কাছে। হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম সিজিএ পরিবারকে নিয়ে মোঃ আবদুল গফুরের এই চরম দুঃসময়ে তার পাশে এসে দাঁড়ান। তিনি হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় এবং এর আওতাধীন কার্যালয়সমূহের সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট সাধ্যমত আর্থিক সাহায্য প্রদানের জন্য ব্যক্তিগত ভাবে আহবান জানান। সিজিএ মহোদয় সকলের সহযোগিতায় দুই লক্ষ্যাধিক টাকা তুলে দেন মোঃ আবদুল গফুরের হাতে। এ টাকা দিয়েই তৈরী হয় মোঃ আবদুল গফুরের নতুন বসতঘর। সিজিএ পরিবারের সহযোগিতায় তিনি মাথা গোঁজার ঠাঁই ফিরে পান।

সরকারী আর্থিক ব্যবস্থাপনার মত বৃহৎ এবং গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের পাশাপাশি মানবিক দায়িত্বও পালন করে আসছে সিজিএ কার্যালয়। সিজিএ কার্যালয়ের আওতাধীন ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস অফিস, জেলা ও উপজেলা হিসাব রক্ষণ অফিসে পেনশনারদের বসার সুব্যবস্থাসহ প্রায় অফিসেই পেনশনারদের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। এ ব্যবস্থা অনেকের প্রশংসা কুড়িয়েছে।



জনাব মোঃ আবদুল গফুরের ভস্মীভূত বসতবাড়ীর স্থলে সিজিএ পরিবারের সহযোগিতায় নবনির্মিত বাড়ী

**শীত বস্ত্র বিতরণঃ** হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম বিগত ১ জানুয়ারী, ২০১৫ খ্রিঃ তারিখে প্রধান হিসাবরক্ষণ অফিস, কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বর্ষবরণ অনুষ্ঠানে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন।




শীতবস্ত্র বিতরণ

প্রকাশনায় ঃ হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
পিএবিএক্স ঃ ৯৩৩০১০১-৫, ফ্যাক্স ঃ +৮৮-০২-৯৩৩০১০৭, ই-মেইল ঃ cga@finance.gov.bd, ওয়েবঃ www.cga.gov.bd